

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
website:www.dnc.gov.bd

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষে স্যুভেনির-২০২৪ প্রকাশ সংক্রান্ত
সম্পাদনা পর্ষদের ১ম সভার কার্যবিবরণী:

সভাপতি : মুহাম্মদ মনিরুল ইসলাম,
অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
সভার তারিখ ও সময় : ১৮ এপ্রিল, ২০২৪ বেলা ০২.০০ টা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষে।
সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় প্রকাশিতব্য স্যুভেনিরকে মানসম্মত ও তথ্যবহুল করার বিষয়ে সকলের মতামত আহ্বান করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী স্যুভেনির-২০২৪ সম্পাদনা পর্ষদের সদস্যগণ তাদের স্ব স্ব মতামত ব্যক্ত করেন।

২। উপপরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, প্রকাশিতব্য স্যুভেনির-২০২৪ এর প্রচ্ছদ আর্কষণীয় ও মানসম্মত করার জন্য প্রয়োজনে চারুকলার পেশাদার শিল্পীর সহায়তা নেয়া যেতে পারে।

৩। অতিরিক্ত পরিচালক (ঢাকা) বলেন, জনাব প্রফেসর এবিএম আবদুল্লাহ, ড. অরুণ রতন চৌধুরী, প্রফেসর মোহিত কামাল, সহযোগী অধ্যাপক মেখলা সরকার, জনাব ফরিদউদ্দীন আহমেদ, জনাব পিয়ারা বেগম প্রমুখ লেখকগণের সাথে লেখা প্রেরণের জন্য যোগাযোগ করা যেতে পারে।

৪। সদস্য সচিব সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা) বলেন যে, প্রতিবছরের ন্যায় এ বছরও কমপক্ষে ২০০০ কপি স্যুভেনির ছাপানো প্রয়োজন। সেক্ষেত্রে স্যুভেনিরের অতিরিক্ত খরচ, প্রচ্ছদ, লেখকদের সম্মানী ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য আগ্রহী প্রতিষ্ঠান থেকে বিজ্ঞাপন/স্পন্সর নেয়া যেতে পারে। স্পন্সর/ বিজ্ঞাপনের হার নির্ধারণের বিষয়ে সকলে মতামত ব্যক্ত করেন।

৫। পরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, স্যুভেনির-২০২৪ প্রকাশের জন্য মাদক ও মাদকাসক্তি বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের নিকট ১৫ মে এর মধ্যে লেখা প্রেরণের আহ্বান জানিয়ে পত্র প্রেরণ করতে হবে এবং উহা ওয়েবসাইটে দ্রুত পত্র আপলোড করা যেতে পারে।

৬। সভাপতি বলেন, প্রকাশিতব্য স্যুভেনির-২০২৪ এর বাণী সংগ্রহ, প্রচ্ছদ ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। লেখা প্রকাশের জন্য লেখকবৃন্দকে কমপক্ষে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সম্মানী প্রদান করতে হবে।


৭। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ৭.১) আগামী ১৫ মে ২০২৪ তারিখের মধ্যে স্যুভেনিরে প্রকাশের জন্য লেখা পরিচালক (নিরোধ শিক্ষা) বরাবর প্রেরণ করতে হবে।
- ৭.২) ২৬ জুন উদযাপন সংক্রান্ত ক্রোড়পত্র প্রকাশ ও প্রচারণা উপকর্মটি বাণীর খসড়া ২০ মে ২০২৪ তারিখের মধ্যে দাখিল করবেন।
- ৭.৩) আগামী ২৫ মে ২০২৪ তারিখের মধ্যে UNODC কর্তৃক প্রদত্ত গ্লোবালের Theme অনুযায়ী স্যুভেনির এর প্রচ্ছদ চূড়ান্ত করতে হবে।
- ৭.৪) অধিদপ্তরের বিগত বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের ছবি স্যুভেনিরে অন্তর্ভুক্ত হবে।
- ৭.৫) প্রকাশিতব্য স্যুভেনিরে মহাপরিচালক মহোদয়ের অধ্যায়ের তথ্য সংগ্রহ ও অন্যান্য বিষয় সমন্বয়ের সার্বিক দায়িত্ব সহকারী পরিচালক (জনসংযোগ) এর উপর ন্যস্ত থাকিবে।

৭.৬) আগ্রহী প্রতিষ্ঠান হতে স্পন্সর/ বিজ্ঞাপন সংগ্রহ করা হবে। স্পন্সর/ বিজ্ঞাপনের হার নিম্নরূপভাবে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম নং	স্যুভেনিারে স্পন্সর/ বিজ্ঞাপনের বিবরণ	নির্ধারিত বিজ্ঞাপনের হার
০১	পিছনের ফুল পেইজ	২,০০,০০০/-
০২	ইনসাইড ফ্রন্ট পেইজ	১,৭৫,০০০/-
০৩	ইনসাইড ব্যাক পেইজ	১,৭৫,০০০/-
০৪	ভিতরের ফুল পেইজ	৯০,০০০/-
০৫	ভিতরের হাফ পেইজ	৪৫,০০০/-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মুহাম্মদ মনিরুল হুসাইম)
অতিরিক্ত মহাপরিচালক

ও

আহবায়ক

স্যুভেনির প্রকাশ সংক্রান্ত সম্পাদনা পর্ষদ কমিটি

ফোন:০১৪০৪০৭২০০৩

স্মারক নং:- ৫৮.০২.০০০.০০৭.২৩.০১৭.২২. ৩৫০


তারিখ:- ২১.০৪.২০২৪

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
- ৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। উপপরিচালক (অপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ১০। সহকারী পরিচালক (জনসংযোগ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১। পরিদর্শক (উত্তরা সার্কেল), ঢাকা মেট্রো, উত্তরা কার্যালয়, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। সহকারী পরিচালক (স্টাফ অফিসার টু ডিজি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি/মাস্টারফাইল


(মোঃ আব্দুল আলিম)

সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)